দৈনিক ইত্তেফাক

তারিখ 15 APR 2003
পৃষ্ঠা ... ১৫ ...

# বিভিন্ন জেলায় কাব ক্যাম্পুরী অনুষ্ঠিত হচ্ছে

ইত্তেফাক রিপোর্ট ঃ বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অর্থায়নে ও কাবিং সম্প্রসারণ প্রকল্পের আওতায় দেশের বিভিন্ন জেলায় কাব ক্যাম্পুরী অনুষ্ঠিত হচ্ছে। ১০ এপ্রিল থেকে ১৩ এপ্রিল জিএ একাডেমী প্রাঙ্গণে অনুষ্ঠিত ফেনী জেলা কাব ক্যাম্পুরী উদ্বোধন করেন জেলা প্রশাসক মোহাম্মদ মোস্তফা। ক্যাম্পুরীর বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার (কাব স্কাউটিং) ফয়েজুর রহমান চৌধুরী। তিনি কাব ও কাব লিডারদের সাথে মতবিনিময়কালে বলেন, দেশে সৎ ও সুনাগরিক তৈরি করার লক্ষ্যে কাবিং-এর শিক্ষা অত্যন্ত কার্যকরী। কাবিং-এর থিম নিয়ে কাবেরা অজানাকে জানা, কাব অভিযান, কাব কার্নিভাল, প্রতিভা অন্বেষণ, এসো কিছু করি, নিজেকে জানি ও তাঁবু জলসা ইত্যাদিতে অংশগ্রহণ করে। এ ক্যাম্পুরীতে মোট ৩০০ জন কাব ও কর্মকর্তা অংশগ্রহণ করেন।